সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/২৭৯                                                    তারিখঃ ২৫ নভেম্বর, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী সকল প্রতিষ্ঠানকে Customs Bond Management System (CBMS) এ জরুরী ভিত্তিতে On-Boarding হওয়া প্রসঙ্গে।**

**সূত্রঃ জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-০৮.০১.০০০০.০৫৬.১৫.০০১.১৯/৪৬০(৬), তারিখঃ ১৭/১১/২০২৫ইং**

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন যে, জাতীয় রাজস্ব বোর্ড বন্ড সংক্রান্ত সকল সেবা সম্পূর্ণ অটোমেশনের মাধ্যমে প্রদানের লক্ষ্যে গত ০১ জানুয়ারী, ২০২৫ইং তারিখ হতে Customs Bond Management System (CBMS) নামক একটি স্বয়ংক্রিয় সফটওয়্যার চালু করেছে। বর্তমানে CBMS এ On board হওয়া বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানকে যাবতীয় সেবা সফটওয়্যারের মাধ্যমে প্রদান করা হচ্ছে। বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান সমূহের কার্যক্রম সম্পূর্ণভাবে অটোমেশনের আওতায় পরিচালনার জন্য CBMS সফটওয়্যার এ On board হওয়া প্রয়োজন। কিন্তু লাইসেন্সধারী প্রতিষ্ঠান সমূহের মধ্যে অদ্যাবধি ৭৪.১৩ শতাংশ প্রতিষ্ঠান On-Board হয়েছে।

CBMS এর ব্যবহার বাধ্যতামূলক করার বিষয়ে গত ১৬/১১/২০২৫ইং তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের মাল্টিপারপাস হল রুমে আয়োজিত "মিট দ্যা বিজনেস" শীর্ষক আলোচনায় BGMEA, BKMEA, BGAPMEA, BTMA, LFMEAB এর প্রতিনিধিবৃন্দের উপস্থিতিতে দ্রুততার সাথে CBMS সফটওয়্যার ব্যবহার বাধ্যতামূলক করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, আপনাদের বন্ড লাইসেন্সধারী প্রতিষ্ঠান এখনো যদি CBMS এ On board না হয়ে থাকে তবে অবিলম্বে আপনাদেরকে On board হওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

২৫/১১/২৫

**মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)**
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তিঃ সূত্রমতে।

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

নথি নং- ০৮.০১.০০০০.০৫৬.১৫.০০১.১৯/ তারিখ: ১৭-১১-২০২৫ খ্রি:।

**বিষয়: বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী সকল প্রতিষ্ঠানকে Customs Bond Management System (CBMS) এ On-boarding করার ব্যবস্থা গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড বন্ড সংক্রান্ত সকল সেবা সম্পূর্ণ অটোমেশনের মাধ্যমে প্রদানের লক্ষ্যে গত ০১ জানুয়ারি, ২০২৫ খ্রি. তারিখ হতে Customs Bond Management System (CBMS) সফটওয়্যার চালু করে। বর্তমানে বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানকে বন্ড সংক্রান্ত যাবতীয় সেবা CBMS সফটওয়্যার এর মাধ্যমে প্রদান করা হচ্ছে। উল্লেখ্য, বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম সম্পূর্ণভাবে অটোমেশনের আওতায় পরিচালনার জন্য CBMS সফটওয়্যার এ On-board করা প্রয়োজন; কিন্তু বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে অদ্যাবধি ৭৪.১৩ শতাংশ প্রতিষ্ঠান CBMS সফটওয়্যার এ On-board হয়েছে।

০২। এমতাবস্থায়, যে সকল প্রতিষ্ঠান অদ্যাবধি CBMS সফটওয়্যার এ On-board হয়নি তার কারণ উল্লেখপূর্বক একটি তালিকা জাতীয় রাজস্ব বোর্ড-এ প্রেরণের জন্য এবং অবিলম্বে বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী On-board না হওয়া সকল প্রতিষ্ঠানকে CBMS সফটওয়্যার এ On-board করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**[সুরাইয়া সুলতানা]**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল: ssbondnbr@gmail.com

**প্রাপক:**

কমিশনার
কাস্টমস বন্ড কমিশনারেট
ঢাকা (উত্তর/দক্ষিণ)/ চট্টগ্রাম।

নথি নং- ০৮.০১.০০০০.০৫৬.১৫.০০১.১৯/ ৪৬০ (৬) তারিখ: ১৭-১১-২০২৫ খ্রি:।

**অনুলিপি; সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা), বেপজা কমপ্লেক্স, ধানমন্ডি, ঢাকা।
২। সিস্টেম ম্যানেজার (চঃ দাঃ), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। পিএ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। প্রশাসক, বাংলাদেশ শিল্প ও বণিক সমিতি (এফবিসিসিআই), ৬০ মতিঝিল, ঢাকা।
৬। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি নং-৭/৭এ, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।
৭। সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার (১৩ তলা), ১৩/এ সোনারগাঁও রোড, বাংলামোটর, ঢাকা।
৮। সভাপতি, বিজিএপিএমইএ, ২৭৩/৩, পশ্চিম মালিকদি, ইসিবি চত্বর, ডিওএইচএস লিংক রোড, ঢাকা।
৯। সভাপতি, এলএফএমইএবি, হারার লিংক, ট-৯৪/বি. মধ্য বাড্ডা গুলশান লিংক রোড, ঢাকা।
১০। সভাপতি, বিটিএ, বাড়ি নং-৫৭/৫ (২য় তলা) রোড ৪/এ, ধানমন্ডি, ঢাকা।
১১। সভাপতি, বিটিএমএ, লেভেল-৬, ইউটিসি ভবন, পান্থপথ, কাওরান বাজার- ১২১৫।
১২। সভাপতি, বিপিজিএমইএ, ৬ষ্ঠ তলা, স্যুইট- ৬০৩/৬০৪, পল্টন টাওয়ার, ৮৭ পুরাতন পল্টন লাইন, ঢাকা।
১৩। সভাপতি, বিএলএমইএ, ইরেক্টর হাউস (১০ম তলা), ১৮ কামাল আতাতুর্ক এভিনিউ, বনানি বা/এ; ঢাকা।
১৪। সভাপতি, বিএফএলএলএফইএ, বাড়ি নং-৩২/এ, ফ্ল্যাট-বি/২, রোড-২, ধানমন্ডি, ঢাকা-১২০৫।
১৫। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, রিভ সিস্টেমস লি:, রিভ সেন্টার, প্লট-৯৪, পূর্বাচল এক্সপ্রেস হাইওয়ে, ডুমনি, খিলক্ষেত, ঢাকা।
১৬। অফিস কপি/ গার্ড কপি।

17/11/2025

**[সুরাইয়া সুলতানা]**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

Shahin forward 24/11/25